চিটফান্ড সংস্থার ৫০ কোটি টাকার সম্পত্তি বাজেয়াপ্ত

নিজস্ব সংবাদদাতা, পুরুলিয়া ঃ বে-আইনিভাবে বাজার থেকে কোটি কোটি টাকা তোলার অভিযোগের তদন্তে নেমে পুরুলিয়ার একটি চিটফান্ড সংস্থার প্রায় ৫০ কোটি টাকার সম্পত্তি বাজেয়াপ্ত করল রাজ্যের আর্থিক অপরাধ দমন বিভাগ (ডিইও)। সিল করে দেওয়া হয়েছে এই সংস্থার একটি সিমেন্ট কারখানা, একটি নার্সিংহোম এবং সংস্থার মালিকের বাংলো। এই সংস্থাটির সঙ্গে সরাসরি যুক্ত থাকার অভিযোগে দুজন পদাধিকারিককে গ্রেফতার করা গেলেও সংস্থার কর্ণধার সত্যরঞ্জন চৌধুরীকে এখনও ধরা যায়নি। বর্তমানে তিনি সস্ত্রীক হায়দ্রাবাদে রয়েছেন বলে সূত্রের খবর। তবে ধৃত দু'জনকে বুধবার আলিপুর আদালতে তোলার কথা। জেলার আদ্রা থানার রগুডি গ্রামের বাসিন্দা পেশায় আইনজীবী সত্যরঞ্জন চৌধুরী প্রায় ১০-১২ বছর আগে পুরুলিয়া জেলার রঘুনাথপুর থানার নন্দুকা এলাকায় একটি সিমেন্ট কারখানা চালু করেন। তৈরি হয় শ্রীশ্রীত গ্রুপ অফ ইন্ডাস্ট্রিজ প্রাইভেট লিমিটেড নামে একটি সংস্থা। যেটির মালিক ছিলেন সত্যরঞ্জন চৌধুরী। পরে আদ্রা এলাকায় বড়সড় একটি নার্সিংহোম খোলেন সত্যরঞ্জনবাবু। কিন্তু সিমেন্ট কারখানা ও নার্সিংহোম কোনটিও আশানুরূপ চলছিল না। সূদসমেত মোটা টাকা ফেরতের টোপ দিয়ে বাজার থেকে মোটা টাকা তোলার অভিযোগ ওঠে এই সংস্থাটির বিরুদ্ধে। টাকা ফেরৎ পেতে সমস্যায় পড়ে কলকাতার মুরারীপুকুর এলাকার এক আমানতকারী। গতবছর এপ্রিল মাসে লেক থানায় অভিযোগ জানান। দক্ষিণ ২৪ পরগণা জেলার কিছু আমানতকারী এই সংস্থাটির বিরুদ্ধে আর্থিক অপরাধ দমন বিভাগে অভিযোগ জানান। তারই ভিত্তিতে তদন্ত শুরু হয়। সেবি ও রিজার্ভ ব্যাঙ্ক জানিয়ে দেয়, এই সংস্থাটির বাজার থেকে টাকা তোলার কোন অনুমতি নেই। তারপরই সত্যরঞ্জনকে কলকাতায় আর্থিক অপরাধ দমন বিভাগের দফতরে তলব করা হয়েছিল। তখন সত্যরঞ্জন আধিকারিকদের কাছে দাবি করেছিলেন ২০১৪ সালে ওই সংস্থা থেকে তিনি এবং তাঁর স্ত্রী কল্পনা চৌধুরী পদত্যাগ করেছেন। সংস্থাটির কাজকর্মের তাঁরা কিছুই জানেন না বলে দাবি করেছিলেন তিনি। কিন্তু তাই বলে তদন্ত থেমে থাকেনি। ডি ই ও-র আধিকারিকরা জানতে পারেন, শুধু এরাজ্যেই নয়, সেই সঙ্গে এই চিটফান্ড সংস্থাটি সিমেন্ট কারখানা ও নার্সিংহোমের নাম করে বিহার ও ওড়িশা রাজ্য থেকেও প্রচুর টাকা তুলেছে। ডি ই ও-র ডিরেক্টর বিভূতিভূষণ দাস ডেপুটি ডিরেক্টর তন্ময় রায়চৌধুরী, ডি এস পি প্রিয়ব্রত বক্সীসহ মোট ৬৬ জনের একটি তদন্তকারী দল ভাগ হয়ে রঘুনাথপুর ও আদ্রা এলাকায় তদন্ত চালান। সিমেন্ট কারখানা থেকে সংস্থাটির ডিরেক্টর প্রশান্ত চট্টোপাধ্যায়কে গ্রেফতার করা হয়। আদ্রা নার্সিংহোম থেকে আরেক কর্মকর্তা মানস দা-কে গ্রেফতার করা হয়। তবে আধিকারিকরা সত্যরঞ্জন চৌধুরী ও তাঁর স্ত্রীকে বাড়িতে পাননি। সিল করে দেওয়া হয়েছে নন্দুকার সিমেন্ট প্লান্ট এস ব্রিকসের কারখানা, রঘুনাথপুরের সংস্থার অফিস, আদ্রার নার্সিংহোম এবং সত্যরঞ্জনের আদ্রার বাড়ি। বাজেয়াপ্ত করা হয়েছে প্রচুর নথিপত্র এবং কম্পিউটার। তদন্তকারী এক আধিকারিক জানান, এই সংস্থার আর কোথাও কোন সম্পত্তি বা জমি রয়েছে কিনা সে সম্পর্কে খোঁজ চালাচ্ছেন তাঁরা।

নাবালিকা বিক্রির অভিযোগ

নিজস্ব সংবাদদাতা, বাঁকুড়া ঃ কাজ দেওয়ার নাম করে এক নাবালিকাকে ফুসলিয়ে উত্তরপ্রদেশে নিয়ে গিয়ে ৫০ হাজার টাকায় পতিতাপল্লীতে বিক্রি করে দেওয়ার অভিযোগ উঠল প্রতিবেশী এক দম্পত্তির বিরুদ্ধে। এমনকি নিখোঁজ নাবালিকার সন্ধান পাওয়ার কথা জানতে গিয়ে স্থানীয় থানার কোন সহযোগিতা পায়নি বলেও অভিযোগ উঠেছে। জেলার জঙ্গলমহল এলাকা রানীবাঁধের এই নিখোঁজ নাবালিকার পরিবারের পক্ষ থেকে গত মঙ্গলবার পুলিশ সুপার সুখেন্দু হীরার কাছে এক লিখিত অভিযোগ করার পরে একথা জানাজানি হয়ে যায়। রানীবাঁধ থানার কমো এলাকার মাঘনু গ্রামের বাসিন্দা অনিতা মান্ডি এই অভিযোগে লেখেন যে, গত ২২ আগস্ট তাঁর নিখোঁজ ১৫ বছরের মাসতুতো বোন উত্তরপ্রদেশ থেকে ফোন করে জানায় যে, কমোর লাগাপুকুরের বাসিন্দা কাঞ্চনি টুডু ও অপূর্ব টুডু উত্তরপ্রদেশে কাজের ব্যবস্থা করে দেবে বলে নিয়ে এসে এক পতিতাপল্লিতে ৫০ হাজার টাকায় তাকে বিক্রি করে দিয়েছে। এখানে মারধর করে পতিতাবৃত্তি করতে বাধ্য করা হচ্ছে। পুলিশ নিয়ে গিয়ে তাঁকে সেখান থেকে উদ্ধার করার অনুরোধও করে সে। এপ্রেক্ষিতে উল্লেখ্য, রানীবাঁধের বেঠুয়ালা এলাকার পাজনতলা গ্রামের নাবালিকাটি গত ২৩ জুলাই বাড়ি থেকে নিখোঁজ হয়। গত ২২ আগস্ট সে দু'বার ফোন করে জানায় যে, সে গোপনে ফোন করছে। এই ফোন করার কথা জানতে পারলে তারা তাকে মেরে ফেলবে। সেকারণে ওই ফোনে ফোন না করার জন্য সতর্কও করে দেয়। এই ফোনের কথা জানাতে তাঁরা রানীবাঁধ থানায় গিয়েছিলেন। কিন্তু তাঁরা সেখানে কোনরকম সহযোগিতা পাননি। তাই শেষে পুলিশ সুপারের হস্তক্ষেপ চেয়ে লিখিত অনুরোধ করা হয়েছে। এই আবেদনের কপি জেলাশাসক, খাতড়া মহকুমা পুলিশ আধিকারিক, জেলা শিশুকল্যাণ সমিতি, সিপিডিআর ও রানীবাঁধ থানায় জমা দেওয়া হয়েছে। অনিতা দেবী জানান, মায়ের অসুস্থতা ও পারিবারিক অর্থ সংকটের সুযোগ নিয়ে নাবালিকাদের চাকরির টোপ নিয়ে ফুসলিয়ে নিয়ে গিয়ে পতিতালয়ে যারা বিক্রি করছে তাদের বিরুদ্ধে কড়া আইনগত ব্যবস্থা নেওয়া এবং নাবালিকাটিকে উদ্ধার করে রানীবাঁধে ফিরিয়ে আনার আবেদন জেলা পুলিশের সর্বোচ্চ আধিকারিক পুলিশ সুপারের কাছে জানিয়েছেন। বাঁকুড়া চাইল্ড লাইন কর্তৃপক্ষের সঙ্গেও তাঁরা যোগাযোগ করেন। চাইল্ড লাইন কো-অর্ডিনেটর সজল শীল রানীবাঁধে মেয়েটির বাড়ি যান। নাবালিকাটির পরিবারের লোকেদের নিয়ে সেখানকার থানায় যান এবং লিখিত অভিযোগ দায়ের করেন।

৩১৮টি পরিবারের বিজেপিতে যোগ

নিজস্ব সংবাদদাতা, পুরুলিয়া ঃ এবার দলবেঁধে বিজেপিতে যোগদানের ঘটনা ঘটল পুরুলিয়ার ঝালদা-২ ব্লকের কোটশিলা এলাকায়। বুধবার কোটশিলা এলাকায় এক অনুষ্ঠানের মধ্য দিয়ে স্থানীয় মাঘিডি, নতুনডি, টাটুয়াড়া, নয়াহাতু প্রভৃতি গ্রামের ৩১৮টি পরিবারের প্রায় ১ হাজার জন কর্মী সমর্থক বিজেপি দলে যোগদান করেন। তাদের হাতে দলীয় পতাকা তুলে দেন বিজেপির জেলা সভাপতি বিদ্যাসাগর চক্রবর্তী। স্থানীয় বিজেপি নেতৃত্বের দাবি তাঁরা এতদিন কংগ্রেস ও বামফ্রন্টের কর্মী সমর্থক ছিলেন।

পণ্ডিত দীনদয়াল উপাধ্যায়ের জন্মশতবর্ষ উপলক্ষ্যে 'দেশাত্মবোধক সঙ্গীত প্রতিযোগিতা' বিজেপির। -নিজস্ব চিত্র

পুরুলিয়ায় ট্রেনের ধাক্কায় মৃত্যু ছাত্রীর

নিজস্ব সংবাদদাতা, পুরুলিয়া ঃ ট্রেনের ধাক্কায় মর্মান্তিকভাবে মৃত্যু হল এক ছাত্রীর। মঙ্গলবার বিকালে দক্ষিণ-পূর্ব রেলের মুরী-চান্ডিল রেলপথে সুইসা এলাকাতে ঘটনাটি ঘটেছে। রেলপুলিশ সূত্রে জানা গেছে, মৃতা ওই ছাত্রীর নাম তৃপ্তিলতা মাঝি (২০)। তার বাড়ি পুরুলিয়ার বাঘমুন্ডি থানার নয়াডিতে। ওই তরুণী স্থানীয় সুইসা কলেজের দ্বিতীয় বর্ষের বাংলা অনার্সের ছাত্রী। অন্যান্য দিনের মতোই এদিন সে কলেজে গিয়েছিল। রেললাইনের একপাশে সাইকেল রেখে সুইসা স্টেশনে হেঁটে হাই লেবেল প্ল্যাটফর্ম ডিঙিয়ে বাজারে যেতে চেয়েছিল সে। কিন্তু হঠাৎ দ্রুতগতিতে একটি ট্রেন ছুটে আসায় ওই ছাত্রী হতভম্ব হয়ে চোখ বন্ধ করে দু-কান চেপে রেললাইনের উপরেই দাঁড়িয়ে থেকে যায়। মুহূর্তের মধ্যে ট্রেনটি তাকে ধাক্কা মেরে দেহ ছিন্নভিন্ন করে দেয়। যার জন্য ওই ছাত্রীর পরিচয় জানতে বেশ সমস্যা হয়। পরে রেললাইনে পড়ে থাকা বই-খাতায় লেখা নাম দেখে তার পরিচয় জানা যায়। মৃতার বাবা জয়ন্ত মাঝি বলেন, এদিন দ্বিতীয় বর্ষের ভর্তির দিন ছিল। মেয়ে বলেছিল তাড়াতাড়ি বাড়ি ফিরবে। কিন্তু সব শেষ হয়ে গেল। একমাত্র মেয়েকে উচ্চশিক্ষিত করার স্বপ্ন থাকলেও তার আকস্মিক এই মৃত্যুর ঘটনায় স্তব্ধ হয়ে গিয়েছেন তিনি। মর্মান্তিক এই ঘটনাটিতে সুইসা কলেজসহ এলাকায় শোকের ছায়া নেমে এসেছে।

থানার উদ্যোগে রক্তদান

নিজস্ব সংবাদদাতা, তারকেশ্বর ঃ জেলা পুলিশের উদ্যোগে হুগলির তারকেশ্বর থানার তত্বাবধানে এক রক্তদান শিবিরের আয়োজন করা হয়। তারকেশ্বর থানা মার্কেটিং হলে আয়োজিত এই শিবির উপস্থিত ছিলেন, ওসি অমিত মিত্র সহ অন্যান্য আধিকারিক ও সিভিক ভলেন্টিয়ারেরা। অনুষ্ঠানে পুলিশ কর্মীরা রক্তদান করেন। মোট ২৫ জন রক্তদাতা স্বেচ্ছায় রক্তদান করেন বলে জানা গেছে।

যুবকের মৃতদেহ উদ্ধার

নিজস্ব সংবাদদাতা, পুরুলিয়া ঃ পুরুলিয়ার বরাবাজার থানা এলাকা থেকে এক যুবকের মৃতদেহ উদ্ধার করল পুলিশ। বুধবার সকালে এই থানার তালটাড় গ্রামের কাছে মাঠে পড়ে ছিল দেহটি। পুলিশ জানিয়েছে, আনুমানিক ২৫ বছর বয়সী ওই যুবকের বিষক্রিয়ায় মৃত্যু ঘটেছে। মৃতদেহের পাশে পড়ে থাকা কীটনাশকের একটি শিশি পাওয়া গেছে বলে পুলিশ জানিয়েছে।

বাউল শিল্পীর প্রয়াণ দিবস উপলক্ষ্যে বাউল মেলা

নিজস্ব সংবাদদাতা, নবদ্বীপ ঃ নবদ্বীপের প্রখ্যাত বাউল শিল্পী প্রয়াত তিনকড়ি চক্রবর্তীর প্রয়াণ দিবস উপলক্ষে এক বাউলশিল্পী মেলা অনুষ্ঠিত হচ্ছে নবদ্বীপ শহরে। নবদ্বীপ শহরের প্রতাপনগর পঞ্চবটি মনিমালা প্রাঙ্গণে বুধবার এই মেলাটি শুরু হয়। এই আন্তর্জাতিক বাউল মেলার শুভ উদ্বোধন করেন বিধায়ক পুন্ডরীকাক্ষ সাহা। প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন নবদ্বীপ পৌরসভার চেয়ারম্যান বিমলকৃষ্ণ সাহা, ভাইস চেয়ারম্যান শচীন বসাক, কাউন্সিলার সুকুমার রাজবংশীসহ অনেকে। জানা গেছে, এই মেলাটি চলবে আগামী শুক্রবার পর্যন্ত। মেলায় সঙ্গীতপ্রেমী মানুষরা হাজির ছিলেন। বাউলশিল্পী তিনকড়ি চক্রবর্তীর প্রতি শ্রদ্ধা জানিয়ে এই মেলা অনুষ্ঠিত হচ্ছে। বাংলাদেশসহ আমাদের এই দেশের বিভিন্ন রাজ্য থেকে বহু বাউল শিল্পীরা অংশগ্রহণ করেছেন। এদিনের সমগ্র অনুষ্ঠানটি সঞ্চালনা করেন মা মাটি মানুষ বাউল সমন্বয় কমিটির উপদেষ্টা ও সঞ্চালক স্বপন আচার্য।

শাসকদল ছেড়ে কংগ্রেসে ঃ হাতছাড়া পঞ্চায়েত

নিজস্ব সংবাদদাতা, পুরুলিয়া ঃ শাসক দল ছেড়ে ফের তিনজন সদস্য-সদস্যা কংগ্রেসে ফিরে আসায় গ্রাম পঞ্চায়েত হাতছাড়া তৃণমূলের। পুরুলিয়ার ঝালদা -১ ব্লকের ঘটনা। ওই তিনজন হলেন মনিদ্র সিং মুন্ডা, প্রফুল্ল মাহাতো ও দয়মন্তী মাহাতো। ২০১৩ সালের পঞ্চায়েত নির্বাচনে ঝালদা দড়দা গ্রাম পঞ্চায়েতের মোট ১৬টি আসনের মধ্যে কংগ্রেস ৮, ফরওয়ার্ড ব্লক ৫, তৃণমূল কংগ্রেস ২ এবং সিপিএম ১টি আসনে জিতেছিল। তখন সিপিএমের সমর্থনে ওই পঞ্চায়েতে বোর্ড গঠন করেছিল কংগ্রেস। পরে ফরওয়ার্ড ব্লকের ৫ জন সদস্য কংগ্রেসে যোগ দেন। ফলে কংগ্রেসের সদস্য সংখ্যা দাঁড়ায় ১৪ জন। এর কিছুদিন পরেই ফরওয়ার্ড ব্লকের ৪ জন ও কংগ্রেসের ৪ জন সদস্য তৃণমূলে যোগ দেন। যা থেকে তৃণমূলের ১০ জন সদস্য হয়ে যাওয়ায় ওই পঞ্চায়েত তৃণমূলের দখলে এসে যায়। মঙ্গলবার ফের এই তিন সদস্য কংগ্রেসে যোগ দেওয়ায় ওই পঞ্চায়েতে শাসকদল সংখ্যা লঘু হয়ে পড়ল। জেলা কংগ্রেস সভাপতি নেপাল মাহাতো বলেছেন, তাঁদের এই তিনজনকে প্রলোভন দিয়ে তৃণমূল টেনে নিয়ে গিয়েছিল। তাঁরা ভুল বুঝতে পেরে ফের কংগ্রেসে ফিরে এসেছেন। কংগ্রেসে ফিরে আসার পর প্রফুল্লবাবুরা বলেছেন, তৃণমূলের প্রলোভনে পা দিয়ে তাঁরা ভুল করেছিলেন। তাঁদের মোহ ভঙ্গ হওয়ায় পুরোনো দলেই ফিরে এলেন।

ডাঃ অশোক কুমার নন্দী
MBBS, MD, FIAMS
Regd. No.- 54156 (WBMC)
:: রোগী দেখছেন ::
স্পন্দন হেলথ পয়েন্ট-এ
লিংক রোড, আরামবাগ, হুগলি
সময়- সকাল ১০.৩০ মি. থেকে বিকাল ৪টে পর্যন্ত।
যোগাযোগ ঃ 9732228783, 9775034533

ছাতু তুলতে গিয়ে হাতির হানাতে মৃত মহিলা

নিজস্ব সংবাদদাতা, বিষ্ণুপুর ঃ সঙ্গিনীকে হারিয়ে একটি দাঁতাল পুরুষ হাতি গত কদিন ধরে এলাকায় ক্ষিপ্ত হয়ে ঘুরে বেড়াচ্ছিল। সেই খবর থাকলেও পেটের টানে জঙ্গলে ছাতু তুলতে গিয়ে ক্ষিপ্ত হাতির হানায় বেঘোরে প্রাণ হারালেন এক দরিদ্র মহিলা। মৃতের নাম সোনালী লোহার (৪২)। তাঁর বাড়ি স্থানীয় বাসুদেবপুর গ্রামে। এদিন সকালে জঙ্গলে ছাতু তুলতে গিয়ে একটি রেসিডেন্সিয়েল বুনো হাতির সামনে পড়েন। হাতিটি শুঁড়ে তুলে আছাড় দেয় এবং পা দিয়ে পিষে দেওয়ায় ঘটনাস্থলেই তাঁর মৃত্যু হয়েছে। এই ঘটনায় বাসিন্দাদের মধ্যে ব্যাপক ক্ষোভ তৈরি হয়। পুলিশ ও বনকর্মীরা ঘটনাস্থলে গেলে ক্ষতিপূরণ ও এলাকা থেকে হাতি তাড়ানোর দাবি তুলে তাঁরা মৃতদেহ তুলতে বাধা দেন। পরে বনকর্তারা দাবির বিষয়ে আশ্বাস দিলে পরিস্থিতি শান্ত হয়। বনদপ্তরের বিষ্ণুপুর রেঞ্জার শ্যামসুন্দর কর শর্মা বলেন, এলাকায় একটি রেসিডেন্সিয়েল বুনো হাতি রয়েছে। ওই হাতির হানায় এদিন সকালে এক মহিলার মৃত্যু হয়েছে। মৃতের পরিবারকে সরকারি ক্ষতিপূরণ দেওয়া হবে। স্থানীয় ও বনদপ্তর সূত্রে জানা গিয়েছে, এলাকায় হাতির দলের আনাগোনা আগের চেয়ে কমেছে। তাই ফসল নষ্টের পরিমাণও কমছে। তবে এলাকায় থাকা ১টি রেসিডেন্সিয়েল বুনো হাতি বিচ্ছিন্নভাবে ঘোরাঘুরি করছে। মাঝে মধ্যেই লোকালয়ে হানা দিচ্ছে। অনেক সময় খাবারের সন্ধানে সবজি বোঝাই যানবাহনের অপেক্ষায় রাস্তার উপরে ওত পেতে দাঁড়িয়ে থাকছে। গ্রামবাসীরা হাতির সামনে পড়ায় এলাকায় আতঙ্ক ছড়াচ্ছে। বুধবার সোনালী দেবী অন্যান্যদের সঙ্গে স্থানীয় চুয়াশোলের জঙ্গলে ছাতু তুলতে গিয়েছিলেন। ঝোপের আড়ালে লুকিয়ে থাকা একটি বুনো হাতি সামনে চলে আসে। অন্যান্যরা পালাতে সক্ষম হলেও সোনালীদেবী সামনে পড়ে যান। হাতিতে তাঁকে শুঁড় দিয়ে তুলে আছাড় মারে ও পা দিয়ে পিষে দেওয়ায় ঘটনাস্থলেই তাঁর মৃত্যু হয়। ঘটনায় এলাকায় চাঞ্চল্য ছড়ায়। পরে পুলিশ ও বনকর্মীরা এলে ক্ষতিপূরণ ও এলাকা থেকে হাতি তাড়ানোর দাবিতে স্থানীয়রা বিক্ষোভ দেখান। পরে দাবি পূরণের আশ্বাস দিলে পরিস্থিতি শান্ত হয়।

সাপের কামড়ে মৃত্যু

নিজস্ব সংবাদদাতা, পুরুলিয়া ঃ সাপের কামড়ে মৃত্যু হল এক প্রৌঢ়ার। পুলিশ ও হাসপাতাল সূত্রে জানা গিয়েছে, মৃতা ওই মহিলার নাম সুমিত্রা বাউরি (৫০)। পুরুলিয়ার সাঁতুড়ি থানার রামচন্দ্রপুর কেটালডি গ্রাম পঞ্চায়েতের কোটালডি গ্রামের বাসিন্দা ছিলেন তিনি। মঙ্গলবার রাতে নিজের বাড়ির মেঝেতে শুয়ে থাকার সময় বিষধর কোন সাপ তার পায়ে ছোবল মারে। মহিলার চিৎকারে বাড়ির সবার ঘুম ভেঙে যায়। সঙ্গে সঙ্গে তাকে স্থানীয় হাড়মাডি ব্লক স্বাস্থ্যকেন্দ্রে নিয়ে যাওয়া হয়। কিন্তু তাঁর শারীরিক অবস্থার পরিপ্রেক্ষিতে পরে ওই রঘানাথপুর সুপার স্পেশালিটি হাসপাতালে নিয়ে যাওয়া হয়। বুধবার ভোরে সেখানেই তিনি মারা যান।

সুচিকিৎসাই আসলকথা...
OUR SPECIALITY
APEXX
আরামবাগ অ্যাপেক্স ডায়াগনস্টিক এণ্ড হেল্থ কেয়ার প্রাইভেট লিমিটেড
১। ডায়াগনস্টিক বিভাগ
২। বিশেষজ্ঞ ডাক্তারবাবুর চেম্বার
৩। ঔষধ দোকান
৪। শল্য চিকিৎসা বিভাগ
৫। জরুরী চিকিৎসা বিভাগ
৬। নার্সিং হোম
পি.সি.সেন মার্কেট দ্বিতল, লিঙ্ক রোড, আরামবাগ, হুগলী, পঃবঃ ৭১২৬০১
Ph. 03211-255867/256867
Mob. 9093965838
e-mail :abgapex@gmail.com
abgapexx@rediffmail.com
আরামবাগ